



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 9130969, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ.৬৬৮.২০৪৬

নভেম্বর ০৭, ২০২১

সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক

সকল সদস্য মিল,

বিটিএমএ

বিষয়: সদস্য মিলের সাফল্য ও অর্জন সম্পর্কিত তথ্যাদি বিটিএমএ'র Newsletter এ প্রকাশ প্রসঙ্গে।

জনাব,

আপনি জানেন বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ) প্রতিষ্ঠালগ্ন থেকে সদস্য মিলের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি সংরক্ষণে সচেষ্ট। এরই পাশাপাশি বিভিন্ন সময় এ খাতের উন্নয়নের জন্য সরকারের নীতিনির্ধারকসহ বিভিন্ন ধরনের পরামর্শ ও বিভিন্ন ধরনের তথ্য সরবরাহ করে যার প্রেক্ষিতে টেক্সটাইল খাতে সরকার নানাবিধ সহায়ক পলিসি গ্রহণ করে থাকে।

প্রতিষ্ঠালগ্ন থেকে বিটিএমএ প্রতিবছর একটি **Annual Report** প্রকাশ করে আসছে। বিটিএমএ মনে করে বছর শেষে শুধুমাত্র একটি প্রতিবেদন প্রকাশই এখাত সংশ্লিষ্ট Stakeholder দের অবদান বা ভূমিকা তুলে ধরার জন্য যথেষ্ট নয়। সদস্যের প্রতি বিটিএমএ'র আরো দায়বদ্ধতা রয়েছে। এরই ধারাবাহিকতায় বিটিএমএ এবছর থেকে নিয়মিতভাবে 'Textile Network' শীর্ষক একটি Newsletter প্রকাশ করছে যেখানে টেক্সটাইল খাত সংশ্লিষ্ট বিভিন্ন তথ্যের সন্নিবেশ করা ছাড়াও সদস্যমিলগুলোর নানাবিধ অর্জনের তথ্য তুলে ধরা হচ্ছে।

বিটিএমএ'র এই প্রয়াশকে আরো সফল ও সদস্যমিলগুলোর বিভিন্ন ক্ষেত্রে সাফল্য অর্জন সম্পর্কিত তথ্য এমনকি সদস্য মিলের স্ত্রী, পুত্র বা সজনদের ব্যক্তিগত কোন সাফল্য যদি থাকে তাও এ Newsletter টিতে অন্তর্ভুক্তির সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এরই প্রেক্ষিতে আপনাদের কোন অর্জন, যদি থাকে তা সমিতিতে অবহিত করলে বিটিএমএ কর্তৃক প্রকাশিত Newsletter টিতে অন্তর্ভুক্ত করা হবে।

ধন্যবাদান্তে

মনসুর আহমেদ
(মনসুর আহমেদ)
অতিরিক্ত পরিচালক
সিইও (ইন-চার্জ)